



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2019

BNGACOR02T-BENGALI (CC2)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাতিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সত্ত্ব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাস্তুনীয়)

একক - ১

- ১। ধর্মনিরপেক্ষ গীতিকবিতা হিসেবেও বৈষ্ণব পদাবলী আধুনিক কাব্য পাঠকের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে – এ বিষয়ে আলোচনা করে তোমার স্বাধীন মতামত ব্যক্ত করো। ১০

অথবা

‘এ সখি হামারি দুখের নাহি ওর’ – এটি কোন পর্যায়ের পদ ? পদকার কে ? পদটি বিশ্লেষণ করে $1+1+8=10$ কবি-কৃতিত্ব বিচার করো।

একক - ২

- ২। আগমনী ও বিজয়া পর্যায়ের পদে সমকালীন সমাজের যে চিত্র ধরা গড়েছে তা পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

‘কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।’ – পদকর্তা ও পদপর্যায়ের নাম উল্লেখ করে পদটির $1+1+8=10$ কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

একক - ৩

- ৩। হাস্যরস সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর দক্ষতা বিশ্লেষণ করো। ১০

অথবা

মুকুন্দ চক্রবর্তীর ‘চঙ্গীমঙ্গল’ কাব্য অবলম্বনে ফুল্লরা চরিত্রটির পরিচয় দাও। ১০

একক - ৪

- ৪। ‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ড অবলম্বনে হরিদাসের চরিত্র ও মাহাত্ম্য বর্ণনা করো। ১০

অথবা

‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ড অনুসরণে ‘গৌরাঙ্গ অবতরণের হেতু’ এবং তৎকালীন ‘নবদ্বীপের অবস্থা’র পরিচয় দাও। ১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) $5 \times 2 = 10$
- (ক) ‘অভিনব হেম কল্পতরু সপ্তরু
ভক্ত-ভূমরগণ ভোর।’
কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ঘৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। $1+1+3=5$
- (খ) ‘ও পদ-পঙ্কজ লাগি, শক্র হৈয়েছে যোগী গো।
হর হাদি-মাবে রাখে অতি যতনে॥’
পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ঘৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো। $1+1+3=5$
- (গ) ‘কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।
হৃদয়ে পূরিত বিষ মুখে মকরন্দ॥’
কার উদ্দেশ্যে কে একথা বলেছে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো। $2+3=5$
- (ঘ) ‘শ্রীধর বলেন আমি খোলা বেচি খাই
ইহাতে কি দিব তাহা বলহ গোসাঙ্গি॥’
শ্রীধর কে ? তিনি কার উদ্দেশ্যে একথা বলেছেন ? প্রসঙ্গ নির্দেশ করো। $2+1+2=5$

—X—